



বিষয়ঃ অনলাইন শাখা সমূহে ঋণ এবং ডিপোজিট হিসাবে প্রয়োজনীয় অনলাইন লেনদেন সুবিধা প্রদান প্রসঙ্গে।

বাংলাদেশ কৃষি ব্যাংকে বর্তমানে ৪৬০ টি শাখায় অনলাইন ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করা হচ্ছে যা ক্রমান্বয়ে সকল শাখায় সম্প্রসারণ করা হবে। অনলাইন ব্যাংকিং প্রবর্তনের প্রধান উদ্দেশ্য হচ্ছে অনলাইনভুক্ত যে কোন শাখার একজন গ্রাহক অনলাইনভুক্ত অন্য যে কোন শাখা হতে তার দৈনন্দিন লেনদেন সহ প্রয়োজ্য অন্যান্য সুবিধা ভোগ করবে। উক্ত ধারাবাহিকতায় অত্র ব্যাংকের অনলাইন শাখার গ্রাহকগণ ডিপোজিট হিসাবে অনলাইন লেনদেনের ক্ষেত্রে বিবিধ সুবিধা পেলেও কোন কোন শাখা ঋণ হিসাবের ক্ষেত্রে বিশেষ করে চলতি মূলধন (সিসি) ঋণের গ্রাহকদের অনলাইন ব্যাংকিং সুবিধা প্রদান হতে বিরত রয়েছে। চলতি মূলধন (সিসি) ঋণ আর্থিক লেনদেনের কাজে পরিচালিত হয় বিধায় উক্ত হিসাবের গ্রাহকগণ অনলাইন লেনদেনের মাধ্যমে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করতে বিভিন্ন সময়ে শাখা সমূহে আগ্রহ প্রকাশ করে থাকেন। এছাড়াও অন্যান্য ঋণ হিসাবে জমা নেওয়ার ক্ষেত্রেও অনেক শাখা বিনা কারণে অপারগতা প্রকাশ করেন। ফলে অনলাইন ব্যাংকিং কার্যক্রমের মূল ধারণাটি যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছেনা।

০২। অন্যান্য ব্যাংক কর্তৃক চলতি মূলধন (সিসি) ঋণ হিসাবে অনলাইন লেনদেনের সুবিধা দেওয়ার কারণে ব্যাংকের দীর্ঘদিনের বিশ্বস্ত ও অনেক মূল্যবান গ্রাহক অত্র ব্যাংক থেকে তাদের হিসাব অন্য ব্যাংকে স্থানান্তর করছেন। যার ফলে অত্র ব্যাংক তার মূল্যবান গ্রাহক হারাচ্ছে।

০৩। এতদপ্রেক্ষিতে অত্র ব্যাংকের গ্রাহক সেবা বিবেচনায় এবং ব্যবসায়িক গতিশীলতা অক্ষুণ্ন রাখার জন্য সকল অনলাইন শাখায় বর্তমানে প্রচলিত যাবতীয় অনলাইন লেনদেনের সুবিধাদি বহাল রেখে বিধি মোতাবেক নিম্নোক্ত সুবিধাদি গ্রাহক পর্যায়ে প্রদান করার জন্য অনুরোধ করা হলোঃ

(ক) অনলাইন শাখার গ্রাহকগণকে অনলাইনভুক্ত সকল শাখা হতে ঋণ, ডিপোজিট (এফডিআর ব্যতিত) সহ সকল ধরনের হিসাবে অনলাইনে জমাদানের সুবিধা প্রদান করা যাবে।

(খ) যে কোন অনলাইন শাখা হতে অন্য কোন অনলাইন শাখায় ডিপোজিট ও ঋণ হিসাবে জমাদানের ক্ষেত্রে টিটি না করে CBS এ Online Transaction এর মাধ্যমে জমা প্রদান করা যাবে। এক্ষেত্রে বিধি অনুযায়ী অনলাইন চার্জ প্রযোজ্য হবে।


(গ) চলতি মূলধন (সিসি) সহ অন্যান্য ঋণ হিসাবের গ্রাহকগণকে অনলাইনে লেনদেন সুবিধা প্রদানের জন্য প্রতিটি নির্দিষ্ট ঋণ হিসাবে অনলাইন permission allow করার পূর্বে Account Limit ও Expiry date সহ যাবতীয় তথ্য গ্রাহকের হিসাব পরিচালনাকারী মূল শাখা কর্তৃক সংযোজন/পরিবর্তন/পরিমার্জন পূর্বক হালনাগাদ করতে হবে। যদি কোন হিসাবের Account Limit ও Expiry date সহ অন্যান্য তথ্য ভুল থাকার কারণে অনলাইনে অতিরিক্ত উত্তোলন হয়ে যায় সে ক্ষেত্রে হিসাবটির মূল শাখা অর্থাৎ যে শাখা হতে হিসাবটি খোলা হয়েছে উক্ত শাখা দায়ী থাকবে।

(ঘ) অনলাইন শাখার গ্রাহকগণকে বিধি মোতাবেক অনলাইনভুক্ত অন্যান্য শাখা হতে Account statement প্রদান করা যাবে।

(ঙ) চলতি মূলধন (সিসি) ঋণ হিসাবে অনলাইন উত্তোলনের ক্ষেত্রে প্রয়োজনে হিসাবটির মূল শাখায় অর্থাৎ হিসাবটি যে শাখায় খোলা হয়েছে উক্ত শাখায় টেলিফোনিক যোগাযোগের মাধ্যমে সঠিকতা যাচাই পূর্বক সেবা প্রদান করা যেতে পারে।

০৪। এমতাবস্থায়, অত্র ব্যাংকের অনলাইন শাখার সম্মানিত গ্রাহকগণকে অনলাইনভুক্ত যে কোন শাখা হতে ঋণ ও ডিপোজিট হিসাবে অনলাইন লেনদেন সংক্রান্ত প্রয়োজনীয় সুবিধা প্রদানের ক্ষেত্রে উপরোল্লিখিত নির্দেশনা সমূহ যথাযথভাবে পরিপালনের জন্য বিশেষভাবে পরামর্শ প্রদান করা হলো।

অনুমোদনক্রমে-



(পারভীন আকতার)
মহাব্যবস্থাপক
আইসিটি মহাবিভাগ

প্রকা/আইসিটি(সিস্টেমস)/সিবিএস সাপোর্ট/৬২(০১)/২০-২১/৬৬৬

তারিখঃ ০৭-০৯-২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, প্রশাসন মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ এবং আইসিটি মহাবিভাগ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৫। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, সকল বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৬। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৭। উপ-মহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাব বিভাগ/ফ্রেডিট বিভাগ বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৮। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৯। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১০। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১১। ব্যবস্থাপক, সকল অনলাইন শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১২। নথি/মহানথি।


(মোঃ মামুনুর রশীদ)
উপ-মহাব্যবস্থাপক